

রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ২৫৩ [আন্তর্জাতিক নাম্বারঃ ২৪৮]

বিবিধ (كتاب المقدمات)

পরিচ্ছেদঃ ৩১: (বিবাদমান) মানুষদের মধ্যে মীমাংসা (ও সন্ধি) করার গুরুত্ব

بَابُ الْإِصْلاَح بَيْنَ النَّاسِ _ (31)

আরবী

وعن أبي هريرة رضي الله عنه قال: قال رسول الله صلّى االله عَلَيْهِ وسَلّم: » أَلُّ سُلامى مِنَ النَّاسِعَلَيْهِ صَدَقَةٌ أَلَّ يوْمٍ تَطْلُعُ فِيهِ الشَّمْسُ: تَعْدِلُ بِيْنِ الاثْنَيْنِ صَدَقَةٌ ، وَتُعِينُ الرَّجُلَ فِي دَابَّتِهِ فَتَحْمِلُهُ عَلَيْهَا ، أَوْتَرْفَعُ لَهُ عَلَيْهَا مَتَاعهُ صَدَقَة، وَالْكَلِمَةُ الطَّيبةُ صدقةٌ ، وتُمِيطُ الأَذَعَنِ الطَّرِيقِ صَدَقَةٌ « صدقةٌ ، وتُمِيطُ الأَذَعَنِ الطَّرِيقِ صَدَقَةٌ « متفق عليه . «ومعنى تَعْدِلُ بَيْنَهُمَا « تُصلحُ بَيْنَهُمَا بِالْعَدْلِ .

বাংলা

আল্লাহ তা'আলা বলেন.

﴿ اللَّهُ خَيارَ فِي كَثِيرٍ مِّن نَّجَاوَلُهُمَ ۚ إِلَّا مَن اللَّهُ أَمَرَ بِصَدَقَةٍ أُوا المَعارُوفِ أُوا إِصالَحِ البَان ٱلنَّاسِ اللهِ النَّاسِ اللهِ النَّاسِ اللهِ النَّاسِ اللهِ النَّاسِ اللهُ النَّاسِ اللهُ الللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللّهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ اللهُ الله

অর্থাৎ "তাদের অধিকাংশ গোপন পরামর্শে কোন কল্যাণ নেই, তবে যে (তার পরামর্শে) দান খয়রাত, সৎকাজ ও মানুষের মধ্যে শান্তি স্থাপনের নির্দেশ দেয় (তাতে) কল্যাণ আছে।" (সুরা নিসা ১১৪ আয়াত)

তিনি আরো বলেন,

﴿وَٱلصُّلَّاحُ خَيارِا؟ ﴾ [النساء: ١٢٨]

অর্থাৎ "বস্তুতঃ আপোস করা অতি উত্তম।" (ঐ ১২৮ আয়াত)

তিনি অন্যত্র বলেছেন,

﴿ فَٱتَّقُواْ ٱللَّهَ وَأَصِالِحُواْ ذَاتَ بَيانِكُماا ﴾ [الانفال: ١]



অর্থাৎ "তোমরা আল্লাহর তাকওয়া অবলম্বন কর এবং নিজেদের মধ্যে সদ্ভাব স্থাপন কর।" (সূরা আনফাল ১ আয়াত)

তিনি আরো বলেন.

অর্থাৎ "সকল বিশ্বাসীরা তো পরস্পর ভাই ভাই, সুতরাং তোমরা তোমাদের দুই ভাই-এর মধ্যে সন্ধি স্থাপন কর।" (সূরা হুজুরাত ১০ আয়াত)

১/২৫৩। আবূ হুরাইরাহ রাদিয়াল্লাহু 'আনহু বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, ''প্রতিদিন যাতে সূর্য উদয় হয় (অর্থাৎ প্রত্যেক দিন) মানুষের প্রত্যেক গ্রন্থির পক্ষ থেকে প্রদেয় একটি করে সাদকাহ রয়েছে। (আর সাদকাহ শুধু মাল খরচ করাকেই বলে না; বরং) দু'জন মানুষের মধ্যে তোমার মীমাংসা করে দেওয়াটাও সাদকাহ, কোনো মানুষকে নিজ সওয়ারীর উপর বসানো অথবা তার উপর তার সামান উঠিয়ে নিয়ে সাহায্য করাও সাদকাহ, ভাল কথা বলা সাদকাহ, নামাযের জন্য কৃত প্রত্যেক পদক্ষেপ সাদকাহ এবং রাস্তা থেকে কষ্টদায়ক জিনিস দুরীভূত করাও সাদকাহ।'' (বুখারী-মুসলিম) [1]

English

(31) Chapter: Making Peace among People

Making Peace among People

Allah, the Exalted, says:

"There is no good in most of their secret talks save (in) him who orders Sadaqah (charity in Allah's Cause), or Ma`ruf (Islamic Monotheism and all the good and righteous deeds which Allah has ordained), or conciliation between mankind." (4:114)

"...and making peace is better." (4:128)

"So fear Allah and adjust all matters of difference among you." (8:1)

"The believers are nothing else than brothers (in Islamic religion). So make reconciliation between your brothers." (49:10)

Abu Hurairah (May Allah be pleased with him) reported:

Messenger of Allah (ﷺ) said, "On every joint of man, there is charity, on everyday when the sun rises: doing justice between two men is charity, and assisting a man to ride an animal or to load his luggage on it is charity; and a good word is charity, every step which one takes towards (the mosque for)



Salat is charity, and removing harmful things from the way is charity".

[Al-Bukhari and Muslim].

Commentary: Almighty Allah has made human body flexible, that is to say, its parts have joints which enable him to make all kinds of movements. If human beings did not have these joints, it would not have been possible for its different parts to make movements which they do. Had it been so, one would not have been able to use various parts of his body as he likes. Thus, these joints are a valuable gift from Allah for which one should always be grateful to Him. In all, a person has three hundred and sixty joints in his body, as has already been stated in a Hadith narrated earlier.

According to some Ahadith, two Rak`ah of Duha prayer (optional forenoon prayer) has been regarded sufficient for this purpose, while in others, it has been stated that if one cannot do anything else for expressing gratefulness to Allah, he should refrain from harming others as it is a form of Sadaqah.

ফুটনোট

[1] সহীহুল বুখারী ২৭০৭,২৮৯১, ২৯৮৯, মুসলিম ১০০৯, আহমাদ ২৭৪০০, ৮১৫৪

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন